গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
জনপ্রশাসন মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd

# সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সুকেশ কুমার সরকার, মহাপরিচালক (সরকারের সচিব), এনএপিডি |
| তারিখ ও বার | : | ২৯ মার্চ ২০২৩ (বুধবার) |
| স্থান | : | এনএপিডি মিলনায়তন |
| সময় | : | দুপুর ০৩.০০ ঘটিকা |

সভার উপস্থিতিঃ সভায় আমন্ত্রিত সকল অংশীজন উপস্থিত ছিলেন।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে একাডেমির পরিচালক (প্রশাসন ও অর্থ) প্রকৌঃ মোঃ আব্দুর রশীদ সভার কর্মপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয় -

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | | প্রথম ত্রৈমাসিক সভা গত ২৯/১২/২০২২ তারিখ অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী প্রেরণের পর সংশ্লিষ্ট বিষয়ে অন্য কোনো মতামত পাওয়া যায়নি। দৃঢ়ীকরণ করা যেতে পারে। | দৃঢ়ীকরণ করা হলো। | |
| ০২ | এনএপিডিতে অনুষ্ঠিত 'উন্নয়ন প্রশাসন' প্রশিক্ষণ কোর্সে পাবলিক প্রকিউরমেন্ট শীর্ষক আলাদা মডিউল অন্তর্ভুক্তকরণ | জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে আগত প্রতিনিধি এনএপিডিতে অনুষ্ঠিত 'উন্নয়ন প্রশাসন' প্রশিক্ষণ কোর্সে পাবলিক প্রকিউরমেন্ট শীর্ষক আলাদা মডিউল অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় আলোকপাত করেন। এছাড়াও প্রশাসন ক্যাডার কর্মকর্তাগণ উপজেলা নির্বাহী অফিসার হিসেবে দায়িত্ব পালনের ক্ষেত্রে 'উন্নয়ন প্রশাসন' প্রশিক্ষণ কোর্সটি অত্যন্ত সহায়ক ও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে সভায় আলোচনা করা হয়। | 'উন্নয়ন প্রশাসন' প্রশিক্ষণ কোর্সে পাবলিক প্রকিউরমেন্ট শীর্ষক আলাদা মডিউল রয়েছে। উক্ত মডিউলে অন্তর্ভুক্ত সেশনসমূহ আরও গুরুত্ব সহকারে আলোচনা করতে এবং সেশন পরিচালনার জন্য অভিজ্ঞ প্রশিক্ষকদেরকে আমন্ত্রণ জানানো যেতে পারে। | পরিচালক (প্রশিক্ষণ) |
| ০৩ | এনএপিডির এলামনাই এসোসিয়েশন কর্তৃক বিভিন্ন বিষয়ে সেমিনার আয়োজন | এনএপিডির এলামনাই এসোসিয়েশন-এর সভাপতি শুদ্ধাচার নিশ্চিতকরণে জন্য সকলকে প্রতিদিন অন্তত একটি ভালো কাজ করার বিষয়ে সভায় আলোকপাত করেন। তিনি শুদ্ধাচার কর্মপরিকল্পনার অংশ হিসেবে এনএপিডির এলামনাই এসোসিয়েশন কর্তৃক বিভিন্ন বিষয়ে যেমন- অটিজম ও করোনা পরবর্তী স্বাস্থ্যবিধি বিষয়ক সেমিনার আয়োজিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। এধারা অব্যাহত রাখা যেতে পারে। | এনএপিডির এলামনাই এসোসিয়েশন সমসাময়িক গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয়ে সেমিনার আয়োজন করেছে যা অত্যন্ত প্রশংসনীয়। এধারা অব্যাহত রাখা যেতে পারে। | পরিচালক (প্র. ও অ.) ও পরিচালক (প্রশিক্ষণ) |
| ০৪ | এনএপিডির দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ কোর্সের সেশনসমূহ পুনর্বিন্যাসকরণ | বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাদের ১৯১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী জনাব রাজিবুল ইসলাম প্রতিদিনের প্রশিক্ষণ সেশনসমূহ পুনর্বিন্যাস করে কুইজ পরীক্ষা, সৃজনশীল | প্রতিদিনের প্রশিক্ষণ সেশনসমূহ পুনর্বিন্যাস করে কুইজ পরীক্ষা অন্তর্ভুক্ত করা যেতে পারে। তবে স্ট্রেস ম্যানেজমেন্ট-এর অংশ হিসেবে বিদ্যমান পরীক্ষা পদ্ধতি অব্যাহত | পরিচালক (প্রশিক্ষণ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরীক্ষা পদ্ধতি চালু করা যেতে পারে মর্মে সভায় আলোকপাত করেন। তবে একাডেমির প্রশিক্ষণ পদ্ধতি প্রত্যাশা অনুযায়ী ছিল মর্মে তিনি সভাকে অবহিত করেন। | রাখতে হবে। সেশনসমূহ যাতে একঘেয়ে না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। | |
| ০৫ | অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় সদস্য আমন্ত্রণ জানানো বিষয়ক | এনএপিডির অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় একাডেমির বিভিন্ন প্রশিক্ষণকোর্সে সেশন পরিচালনাকারী গেস্ট স্পিকার, একাডেমির এলামনাই এবং একাডেমির বিভিন্ন দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ কোর্সে মহাপরিচালকের অ্যাওয়ার্ড প্রাপ্তদেরকে আমন্ত্রণ জানানোর বিষয়ে আলোচনা হয়। ২৯/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত ২য় সভায় মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয় সংশ্লিষ্ট প্রতিনিধি অংশগ্রহণ করেছেন মর্মে সভাকে অবহিত করা হয়। | পরবর্তী সভায় অংশগ্রহণের জন্য একাডেমির বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদানকারী বিভিন্ন প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ, একাডেমির বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে সেশন পরিচালনাকারী গেস্ট স্পিকার, একাডেমির এলামনাই, একাডেমির বিভিন্ন দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ কোর্সে মহাপরিচালকের অ্যাওয়ার্ড প্রাপ্ত কর্মকর্তাগণ, এনএপিডির সাথে যৌথভাবে কনসালটেন্সি কাজে নিয়োজিত কনসালটেন্ট, একাডেমির বিভিন্ন গবেষণা কাজে নিয়োজিত গবেষক, এবং এনএপিডির বিভিন্ন সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দকে আমন্ত্রণ জানাতে হবে। এ ধারা অব্যাহত রাখা যেতে পারে। | পরিচালক (প্র. ও অ.), ও<br>উপ-পরিচালক (প্র.) |

০২। সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে সভায় সময় প্রদান করার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সুকেশ কুমার সরকার
মহাপরিচালক (সরকারের সচিব)
এনএপিডি

স্মারক নং- ০৫.৮৮.০০০০.০০৫.০৫.০০৯.২২-১৯৯(ক) তারিখ: ২৯/০৩/২০২৩

**জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রকৌঃ মোঃ আবদুর রশিদ, পরিচালক (প্রশাঃ ও অর্থ), এনএপিডি।
২. জনাব মোহাম্মদ হাসান তারিক, পরিচালক (প্রশিক্ষণ), এনএপিডি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
জনপ্রশাসন মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd

২. জনাব কাজী মোহাম্মদ সালাতুজ্জামান (সিস্টেম এনালিস্ট), এনএপিডি।
৩. জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, প্রধান প্রশিক্ষক-০৩, এনএপিডি।
৪. জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী (উপপরিচালক-প্রশাসন), এনএপিডি।
৫. জনাব তৌহিদুর রহমান চৌধুরী, উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা), এনএপিডি।
৬. জনাব মোঃ রমজান আলী (প্রশিক্ষক-৩), এনএপিডি।
৭. জনাব মোহাম্মদ জিয়াউর রহমান, সহকারী পরিচালক, এনএপিডি।
৮. জনাব দীপায়ন চক্রবর্তী (গবেষণা কর্মকর্তা-১), এনএপিডি।
৯. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, এনএপিডি।
১০. উপস্থিত সকল অংশীজন।
১১. পরিচালক (গবেষণা ও প্রকাশনা/প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনএপিডি।
১২. অফিস কপি।

দীপায়ন চক্রবর্তী
গবেষণা কর্মকর্তা-০১,
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)